



## কবিতায় সাতই মার্চ

### কাইটম পারভেজ

ভায়েরা আমার ।

আজো ভুলিনি সে হংকার ।

দুঃখ ভারাক্রান্ত মন নিয়ে আজ হাজির হয়েছি সামনে  
বললেন তখন জনতা বললো ভয় নেই আছি সঙ্গে ।

কী অন্যায় করেছিলাম?

প্রশং করেই জানিয়ে দিলেন মুক্তির পয়গাম ।

এদেশের মানুষ মুক্তি চায় - আত্ম অধিকার চায় ।

এই তো যেন সেদিনের কথা যে কথা ভোলার নয় ।

প্রধানমন্ত্রীত্ব চাই না - এদেশের মানুষের অধিকার চাই ।

পাকি শোষকরা জানলো এবার তাদের রক্ষা নাই ।

আমরা তোমাদের ভাতে মারবো আরো মারবো পানিতে  
শোষকেরে তিনি বললেন যারা চায়নি ক্ষমতা ছাড়িতে ।

তোমরা আমাদের ভাই তোমরা ব্যারাকে ফিরে যাও

বললেন যদি না মানো তবে শেষ কথা শুনে নাও ।

আর যদি একটা গুলি চলে যদি কর আর লোক হত্যা  
বাংলার মানুষ জেগেছে, জেগেছে ছাত্র শ্রমিক জনতা ।

তোমাদের উপর কাছে আমার রইলো অনুরোধ

প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ো নিতে হবে প্রতিশোধ ।

তোমাদের যা আছে তাই নিয়ে কর শক্র মোকাবেলা  
ঘোষণা দিলেন প্রাণ বিনিময়ে স্বাধীন করবো বাংলা ।

আরো বললেন - রক্ত যখন দিয়েছি তখন রক্ত দেবো আরো

খান সাহেবেরা বাঁচতে চাইলে এবার বাংলা ছাড়ো ।

এদেশের মানুষকে মুক্ত করে ছাড়বো ইনশাল্লাহ

দৃঢ় প্রত্যয়ে হংকার দিলেন বুকে নিয়ে আল্লাহ ।

এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম

মুক্তিযুদ্ধ ছড়িয়ে পড়লো শহর বন্দর গ্রাম

এবারের সংগ্রাম আমাদের স্বাধীনতার সংগ্রাম ।

বিশ্বজুড়ে জানলো সবাই বাংলাদেশের নাম ।

সেদিনের সেই রেসকোর্সে হাঁকলেন 'জয় বাংলা'

জয় বাংলা ধ্বনিতে স্বাধীন মুজিবের বাংলা ।